যুগান্তর

তারিখ ...... 19 APR 2017
পৃষ্ঠা ২-৬ কলাম ৬

# মুজিবনগর দিবস উপলক্ষে বাউবিতে আলোচনা সভা

গাজীপুর প্রতিনিধি

ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের উদ্যোগে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

'ঐতিহাসিক মুজিবনগর দিবস ও বাংলাদেশের স্বাধীনতা' শীর্ষক আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এমএ মান্নান।

অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন বাংলাদেশ সুপ্রিমকোর্টের সিনিয়র আইনজীবী ব্যারিস্টার এম আমীর-উল-ইসলাম। ঐতিহাসিক মুজিবনগর দিবসের ঘটনাবহুল স্মৃতিচারণ করে প্রধান আলোচক বলেন, মুজিবনগরে স্বাধীন বাংলাদেশ সরকারের শপথ গ্রহণের মধ্যদিয়ে সাংবিধানিকভাবে রাজনৈতিক বৈধতা নিয়ে বাংলাদেশ রাষ্ট্রের ও সরকারের পরিচিতিতে মহান মুক্তিসংগ্রামে বিশ্ব জনমত আরও বেড়ে ওঠে। তিনি আরও বলেন, মুজিবনগর সরকার স্বাধীনতার ঘোষণাপত্র অনুযায়ী গঠিত হয়।

সভাপতির বক্তব্যে ভিসি বলেন, ১৭ এপ্রিল মেহেরপুরের বৈদ্যনাথতলায় বাংলাদেশের প্রথম সরকারের শপথ গ্রহণের মধ্যদিয়ে সারা দেশের মুক্তিকামী মানুষের কাছে মুজিবনগর হয়ে ওঠে বাংলাদেশের স্বাধীনতার তীর্থস্থান হিসেবে। ভিসি বলেন, মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জাতির কাছে তুলে ধরার জন্য শত্রুর বিরুদ্ধে প্রয়োজনে আরও একটি যুদ্ধের জন্য প্রস্তুত থাকতে হবে। বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. আবুল হোসাইন আহমেদ ভূঁইয়ার সঞ্চালনায় অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. আশফাক হোসেনসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা আলোচনা সভায় উপস্থিত ছিলেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি ডিভিশন | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/অবগতার্থে

স্বাক্ষর